

সচিব



জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী ২২ মে ২০২২ তারিখে সচিব হিসাবে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে যোগদান করেন। এ মন্ত্রণালয়ে যোগদান করার পূর্বে তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ে সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। এসময় তিনি আধুনিক বন্দর ব্যবস্থাপনা ও নৌ-সেক্টরের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী ১৯৬৫ সালে ৩১ ডিসেম্বর চট্টগ্রাম মহানগরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম তোফায়েল উদ্দিন চৌধুরী এবং মাতা জাহানারা বেগম। তাঁর নিজ জেলা ফেনী। তিনি সরকারি হাজী মহসিন কলেজ থেকে এইচ.এস.সি, ঢাকা বিশ্ববিদ্যালয় হতে স্নাতক এবং স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি থেকে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এ এমবিএ ডিগ্রি অর্জন করেন।

নবম ব্যাচের এই কর্মকর্তা ১৯৯১ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন এবং মাঠ প্রশাসনের সকল স্তরে কাজ করার অভিজ্ঞতা সঞ্চয় করেন। বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার হিসাবে তিনি কর্মজীবন শুরু করেন। বরিশালের গৌরনদী উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসাবে কর্মরত ছিলেন এবং বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কমিশনারের সহকারী হিসাবে কাজ করেন। তিনি রাঙ্গামাটি, চট্টগ্রাম ও কুমিল্লা জেলার নেজারত ডেপুটি কালেক্টর হিসাবে কাজ করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার হিসাবে ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলায় কর্মরত ছিলেন। এছাড়াও তিনি ম্যাজিস্ট্রেট হিসাবে ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, দ্বিতীয় সচিব হিসাবে জাতীয় রাজস্ব বোর্ড, অতিরিক্ত জেলা প্রশাসক হিসাবে নোয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়, বিনিয়োগ বোর্ডের এক্সিকিউটিভ চেয়ারম্যানের একান্ত সচিব হিসাবে কর্মরত ছিলেন। জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী রাজশাহী জেলার জেলা প্রশাসক হিসাবে মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে এবং মন্ত্রিপরিষদ বিভাগে যুগ্মসচিব হিসাবে কর্মরত ছিলেন। বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগের মর্যাদাপূর্ণ মন্ত্রিপরিষদ ও রিপোর্টিং অনুবিভাগের প্রধান হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি বিভাগীয় কমিশনার সিলেট হিসাবে মাঠ প্রশাসনের শীর্ষ পর্যায়ে দায়িত্ব পালনের অভিজ্ঞতা সঞ্চয় করেন। এছাড়াও তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগে অতিরিক্ত সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। এ পদে কাজ করে তিনি সরকারের ‘মানব সম্পদ ব্যবস্থাপনা’ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী দেশে-বিদেশে অনেক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ করেন। তন্মধ্যে ভিয়েতনাম ন্যাশনাল একাডেমি অব পাবলিক এ্যাডমিনিস্ট্রেশন, জাপানের কিয়োটো স্কুল অব ল', সিঙ্গাপুর সিভিল সার্ভিস কলেজ, চায়নিজ একাডেমি অব গভর্নেন্স, টরন্টো ইউনিভার্সিটি, নর্থ ক্যারোলিনার ডিউক ইউনিভার্সিটি ইত্যাদি উল্লেখযোগ্য। কর্মজীবনে তিনি দক্ষিণ-পূর্ব এশিয়া, দূরপ্রাচ্য, মধ্যপ্রাচ্য, ইউরোপ, আমেরিকা ও অস্ট্রেলিয়ার বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

জনাব চৌধুরী সিলেট বিভাগীয় কমিশনার হিসাবে দায়িত্ব পালনের সময় শ্রেষ্ঠ বিভাগীয় কমিশনার হিসাবে শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করেন।

জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী ও মিসেস ফরিদা ইয়াসমিন এর একমাত্র সন্তান মাসিয়াত হাসিন চৌধুরী ব্র্যাক ইউনিভার্সিটি-তে কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং-এ অধ্যয়নরত।